

কলাস্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

দ্বিতীয় বর্ষ, চতুর্থ সেমেস্টার

বাংলা বিভাগ

কোর্স : ইউ.জি. ৪.২ (কোর) (OLD)

বিষয় : রবীন্দ্র সাহিত্য, পর্ব - ১

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

৩×১০ = ৩০

১। ‘মানসী’ কাব্যগ্রন্থের অন্তত একটি কবিতা আলোচনা করে বুঝিয়ে দাও কেন রবীন্দ্রনাথের মনে হয়েছিল এই কাব্যে ‘কবির সঙ্গে শিল্পী এসে যোগ’ দিয়েছিল।

অথবা

২। ‘সোনার তরী’ কবিতার একাধিক অর্থ করেছেন পণ্ডিতেরা। তুমি নিজে এ কবিতা কীভাবে পড়তে চাও বুঝিয়ে লেখো।

৩। ‘বিনোদিনী’ থেকে ‘চোখের বালি’ নামে চলে যাওয়ার কি বিশেষ কোনো শিল্প-তাৎপর্য খুঁজে পাও তুমি? যুক্তিসহ লেখো।

অথবা

৪। ‘চোখের বালি’ উপন্যাসে মহেন্দ্র এবং বিহারী চরিত্রদুটির মধ্যে কথকের পক্ষপাত বিহারীর দিকে ঈষৎ বেশি। তুমি কি এই মত মেনে নেবে? যুক্তিসহ লেখো।

৫। প্রকৃতি এবং জনজীবন গল্পগুচ্ছে এই দুই দিকেই রবীন্দ্রনাথের মনোযোগ ছিল। প্রাসঙ্গিক দুটি গল্প আলোচনা করে দেখাও কীভাবে প্রকৃতি ও জনজীবন তাঁর গল্পের বিষয়বস্তু হয়ে উঠেছে।

৬। ‘বিসর্জন’ নাটকে বিসর্জন শব্দটি একাধিক স্তরে কীভাবে ফুটে উঠেছে বুঝিয়ে দাও।

★ ★ ★